

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
আশ্রয়ণ-২ প্রকল্প
তেজগাঁও, ঢাকা।

স্মারক নং-০৩.৭০১.০২৫.০০.০০.১১৮৫.২০১৫-৮৪০

তারিখ: ২৬/১০/২০১৬ খ্রিঃ

বিষয়: আশ্রয়ণ প্রকল্পের উপকারভোগীদের অংশগ্রহণে ০১ দিনের রিফ্রেশার্স প্রশিক্ষণ প্রদান।

সূত্র: অত্র কার্যালয়ের ২৫/১০/২০১৫ খ্রি. তারিখের ০৩.৭০১.০২৯.০০.০০.১১৫৫.২০১৫-৭৭৩ নং পত্র।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাস্তবায়িত আশ্রয়ণ প্রকল্প গ্রামে পুনর্বাসিত উপকারভোগীদের নিয়ে ০১ দিনের রিফ্রেশার্স প্রশিক্ষণ প্রদানের জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ের আগস্ট/২০১৫ মাসের সমন্বয় সভায় সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সে মোতাবেক সারা দেশের বিভিন্ন উপজেলায় বাস্তবায়িত আশ্রয়ণ প্রকল্পের পুনর্বাসিত পরিবারসমূহের সদস্যদের নিয়ে ০১ দিনের রিফ্রেশার্স প্রশিক্ষণ প্রদানের জন্য সূত্রে বর্ণিত স্মারকে পত্র প্রেরণ করা হয়। কিন্তু অদ্যাবধি অধিকাংশ আশ্রয়ণ প্রকল্পেই রিফ্রেশার্স প্রশিক্ষণ প্রদান করা হয়নি।

০২। আশ্রয়ণ প্রকল্পের ডিপিপি-তে প্রশিক্ষণার্থী প্রতি ১০০/- টাকা এবং প্রশিক্ষকদের সম্মানী প্রতি ক্লাশ বাবদ ২৫০/- টাকার সংস্থান আছে যা ০১ দিনের রিফ্রেশার্স প্রশিক্ষণের জন্য বরাদ্দ করা যাবে। তাছাড়া উপজেলা নির্বাহী অফিসারগণ নিজ তহবিল হতে এ খাতে অতিরিক্ত ব্যয় করতে পারবেন।

০৩। বর্ণিতাবস্থায় তাঁর উপজেলায় ১৯৯৭ সাল হতে অদ্যাবধি বাস্তবায়িত আশ্রয়ণ প্রকল্পগ্রামে পুনর্বাসিত উপকারভোগীদের নিয়ে ৩০-৫০ জনের দল গঠনপূর্বক ০১ দিনের রিফ্রেশার্স প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য পুনরায় অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, প্রশিক্ষণের দিন তারিখ নির্ধারণ করে আশ্রয়ণ প্রকল্প কার্যালয়কে অবহিত করা হলে প্রকল্প হতে একজন প্রতিনিধি প্রেরণের উদ্যোগ নেয়া হবে।



(এস এম হামিদুল হক)

উপ-প্রকল্প পরিচালক (উপ-সচিব)

ফোন: ৯১১৪৩২১

উপজেলা নির্বাহী অফিসার (সকল)

..... ,

অনুলিপিঃ

- ১। জেলা প্রশাসক(সকল),
- ২। মুখ্য সচিব/সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় (মুখ্য সচিব/সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। প্রকল্প পরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, আশ্রয়ণ-২ প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয়(প্রকল্প পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। অফিস নথি।